

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 12-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দেশের বিভিন্ন স্থানে ১৮টি প্রধানমন্ত্রী ভারতীয় জনপ্রিয়তা কেন্দ্রের উদ্বোধন করবেন।
- (২) ৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা আগামী ২৯শে জানুয়ারি থেকে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে।
- (৩) তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক কলা উৎসব আজ থেকে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শুরু হয়েছে।
- (৪) ত্রিপুরা ও জম্বু-কাশ্মীরের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে শুরু হচ্ছে।

PM-Jan Aushadhi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দারভাঙ্গা থেকে ভার্চুয়ালভাবে দেশের ১৮টি স্থানে প্রধানমন্ত্রী ভারতীয় জনপ্রিয়তা কেন্দ্রের উদ্বোধন করবেন। এরমধ্যে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের অন্তর্গত আগরতলা রেলওয়ে স্টেশন রয়েছে। এই উপলক্ষ্যে আগামীকাল সকাল সাড়ে ১০টায় আগরতলা রেল স্টেশনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১ নম্বর প্ল্যাটফর্ম সংলগ্ন এলাকায় প্রধানমন্ত্রী ভারতীয় জনপ্রিয়তা কেন্দ্রটি স্থাপন করা হবে। এটি যাত্রীদের পাশাপাশি সাধারণ মানুষের জন্যও সহজ উপলব্ধ হবে।

35th Industry & Commerce Fair :

৩৫তম ত্রিপুরা শিল্প ও বাণিজ্য মেলা আগামী ২৯শে জানুয়ারি থেকে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে শুরু হবে। ১৫ দিনব্যাপী এই মেলা চলবে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত। আজ সচিবালয়ে শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্তনা চাকমা'র পৌরহিতে অনুষ্ঠিত এক বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি জানান, মেলায় সার্ভিস সেক্টর বিশেষ করে তথ্য ও প্রযুক্তি, পর্যটন, আতিথেয়তা, লজিস্টিক ইত্যাদি ক্ষেত্রগুলির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে। পাশাপাশি রাজ্যের রাবার, ব্যান্ড ক্ষেত্রগুলিকেও মেলায় তুলে ধরা হবে। মেলায় ফুড কোর্ট, থিম প্যাভিলিয়নেরও ব্যবস্থা থাকবে। পাশাপাশি তথ্য ও সংস্কৃতি দপ্তরের পরিচালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হবে।

State Level Kala Utsab :

তিনদিনব্যাপী রাজ্যভিত্তিক কলা উৎসব আজ থেকে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শুরু হয়েছে। উদ্বোধন করেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। তিনি বলেন, সংস্কৃতির বিকাশ ও প্রসারে মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের যুক্ত করার জন্য দেশব্যাপী এই কলা উৎসবের আয়োজন করা হচ্ছে। কলা উৎসবের লক্ষ্য ছাত্রছাত্রীদের শৈল্পিক প্রতিভাকে বিকশিত করা এবং লালন করা। কলা উৎসব শিল্প কলা ও সাংস্কৃতিক বৈচিত্র্য অন্বেষণ এবং উদযাপন করার একটি মঞ্চ। তিনি বলেন, শিক্ষার্থীদের শৈল্পিক প্রতিভা অন্বেষণ, বিকাশ এবং প্রদর্শনের জন্য কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এই উদ্যোগ হাতে নিয়েছে। বিশেষ সচিব আরো বলেন, কলা উৎসবের মাধ্যমে ছাত্রছাত্রীরা তাদের সাংস্কৃতিক প্রতিভা তুলে ধরতে পারছে। এক ভারত, শ্রেষ্ঠ ভারত

গড়ে তোলার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের এগিয়ে আসার জন্য তিনি আহ্বান জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমগ্র শিক্ষা অভিযানের প্রজেক্ট ডিরেক্টর এন.সি শর্মা, SCERT'র অধিকর্তা এল ডার্লং প্রমুখ।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ সূর্যমনিনগরের পশ্চিম নোয়াগাও-এ এনইআর-২ ট্রান্সমিশন লিমিটেডের ৪০০/১৩২ কেভি সূর্যমনিনগর সাব স্টেশন পরিদর্শন করেন। সাব স্টেশনের আধিকারিকগণ ৪০০/১৩২ কেভি সূর্যমনিনগর সাব স্টেশন থেকে বর্হিরাজ্য বিদ্যুৎ পাঠানো এবং প্রয়োজনে বর্হিরাজ্য থেকে বিদ্যুৎ আনা ও বিভিন্ন জায়গায় বিদ্যুৎ পৌঁছে দেওয়ার বিষয়ে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন। সাব স্টেশন পরিদর্শনের পর সংবাদমাধ্যমকে রাজ্যপাল জানান, দেশের উন্নয়নে বিদ্যুতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিদ্যুৎ ব্যবহার প্রমাণ করে দেশ কর্তৃকু এগিয়ে যাচ্ছে।

Cooperative Minister :

সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়ার পৌরহিতে আজ মোহনভোগ ব্লকের ৮টি গ্রাম পঞ্চায়েত ও পাঁচটি এডিসি ভিলেজে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়নের বিষয়ে আজ এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সমবায়মন্ত্রী বলেন, বন্যা পরবর্তী পরিস্থিতিতে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সঙ্গে জলসম্পদ উন্নয়ন দপ্তর ও বিদ্যুৎ দপ্তরের নিবিড় সংযোগ স্থাপন করে এই কৃষি প্রধান অঞ্চলে কৃষকদের পাশে দাঁড়াতে হবে। তিনি বলেন, যে সমস্ত সেচ প্রকল্প বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলিকে যথাশীঘ্ৰ সম্ভব কাৰ্য্যকৰী অবস্থায় আনতে হবে। মোহনভোগ ব্লক কাৰ্য্যালয়ে অনুষ্ঠিত এই সভায়

বিডিও শ্রীকান্ত চক্ৰবৰ্তী সমগ্ৰ ব্লক এলাকায় কেন্দ্ৰীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্ৰকল্পেৰ অগ্ৰগতিৰ চিত্ৰ তুলে ধৰেন। বন্যা পৱনবৰ্তী পৱিত্ৰিততে জনগণেৰ সাৰ্বিক সুবিধার্থে যা যা পদক্ষেপ নেওয়া হয়েছে সেগুলিৰ বিস্তাৱিত তথ্য উল্লেখ কৱেন। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ, মোহনভোগ পঞ্চায়েত সমিতিৰ চেয়াৱম্যান শ্ৰীবাস ভৌমিক, বিএসি চেয়াৱম্যান বাসিল্য কুমাৰ নোয়াতিয়া।

Review Meeting-Dhalai :

প্ৰাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তৰেৰ মন্ত্ৰী সুধাংশু দাসেৰ পৌৰোহিত্যে আজ ধলাই জেলাৰ জেলা শাসকেৰ কাৰ্যালয়ে জেলাভিত্তিক পৰ্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে ধলাই জেলায় প্ৰাণীসম্পদ বিকাশ, মৎস্য ও তপশিলি জাতি কল্যাণ দপ্তৰেৰ কাজকৰ্ম নিয়ে বিস্তাৱিত পৰ্যালোচনা কৱা হয়। মন্ত্ৰী সুধাংশু দাস জানান, বৈঠকে তিনি দপ্তৰেৰ গৃহীত বিভিন্ন প্ৰকল্পগুলিৰ কাজেৰ অগ্ৰগতিৰ পাশাপাশি সুবিধাভোগীয়া ঠিক মতো সাহায্য সহায়তা পাচ্ছে কিনা এ বিষয়গুলিও বিস্তাৱিত খতিয়ে দেখা হয়।

Goods Train Service resumed :

বেশ কিছু দিন বন্ধ থাকাৰ পৱ আজ দুপুৰ প্ৰায় সাড়ে ১২টায় লামড়ি-বদৱপুৰ লাইনে মালবাহী ট্ৰেন চলাচল শুৱ হয়েছে। এন এফ রেলওয়েৰ মুখ্য জনসংযোগ আধিকাৰীক কপিঞ্জল কিশোৱ শৰ্মা আকাশবাণীকে জানিয়েছেন ত্ৰিপুৱাৰ উদ্দেশ্যে পেট্ৰোপন্যবাহী একটি ওয়াগন রওয়ানা হয়েছে। আজ রাতে তা ধৰ্মনগৱে পৌঁছানোৰ কথা।

Update Akashvani :

শ্রেতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Public Broadcasting Day :

পাবলিক সার্ভিস ব্রডকাস্টিং ডে বা জনসেবা সম্প্রচার দিবস আজ পালিত হচ্ছে। ১৯৪৭ সালে দিল্লির আকাশবাণীর স্টুডিওতে মহাত্মা গান্ধীর পরিদর্শনের স্মরণে প্রতি বছর দিবসটি পালিত হয়। জাতির পিতা ঐদিন দেশভাগের পর বাস্তুচুত, হরিয়ানার কুরুক্ষেত্রে অস্থায়ীভাবে বসবাসরত মানুষজনের উদ্যেশ্যে ভাষণ দেন। আজকের দিনটি দেশজুড়ে তথ্য ও শিক্ষা প্রদান এবং সাংস্কৃতিক বৈচিত্র্যের প্রচার ও প্রসারে, আকাশবাণীর গুরুত্বপূর্ণ ভূমিকাকেও তুলে ধরে। আজ আকাশবাণী ভবনে পাবলিক সার্ভিস ব্রডকাস্টিং ডে পালিত হয়েছে। অনুষ্ঠানে বক্তৃতায়, প্রসার ভারতীর চেয়ারম্যান নবনীত কুমার সেহগাল জাতির প্রতি মহাত্মা গান্ধীর প্রতিশ্রুতি তুলে ধরেন। তিনি বলেন, মহাত্মা গান্ধীর বাণী সকলকে সবার মঙ্গলের জন্য চিন্তা করতে অনুপ্রাণিত করেছে। আকাশবাণীর মহানির্দেশক ডঃ প্রজ্ঞা পালিওয়াল গৌর, ডিজি দূরদর্শন কাঞ্চন প্রসাদ এবং অন্যান্য উৎর্বরতন কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Water resources/ Viksit Bharat :

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী, সি আর পাটিল, আজ বলেছেন যে ভারতের অর্থনীতি জল সম্পদের উপর নির্ভর করে এবং আমাদের অবশ্যই জলাশয়গুলিকে সংরক্ষণ এবং পুনরুজ্জীবিত করতে হবে। গুয়াহাটিতে স্প্রিংশেড ম্যানেজমেন্টের উপর দুই দিনের কর্মশালার উদ্বোধন করে কেন্দ্রীয় মন্ত্রী জলের উৎসগুলিকে বাঁচাতে সচেতনতা তৈরির প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন যে ২০৪৭ সালের মধ্যে "বিকশিত ভারতের" স্বপ্ন সুস্থায়ী জল সম্পদ ছাড়া অর্জন করা যাবে না। পরে, কেন্দ্রীয় মন্ত্রী ব্রহ্মপুত্র বোর্ডের অব্যোদশ উচ্চ-ক্ষমতাসম্পন্ন পর্যালোচনা বোর্ড সভায় সভাপতিত্ব করেন।

NIA Raid :

ভারতের স্থিতিশীলতার ওপর আঘাত হানার উদ্দেশে আন্তর্জাতিক সন্ত্রাসবাদী গোষ্ঠী আল-কায়েদার ষড়যন্ত্রের অংশ হিসাবে কিছু বাংলাদেশি দুর্স্থি / এদেশের বিভিন্ন অংশে নশকতামূলক কার্যকলাপ চালিয়ে যাচ্ছে। এই খবরের ভিত্তিতে জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) গতকাল সিপাহীজলা জেলার সোনামুড়া সহ সারা দেশে বহু স্থানে একযোগে সারা দিন ব্যাপী ব্যাপক তল্লাশি অভিযানে নামে। আন্তর্জাতিক সন্ত্রাসবাদী সংগঠন আল-কায়েদার বাংলাদেশভিত্তিক সন্ত্রাসীদের সহযোগী হিসেবে যুক্ত থাকার সন্দেহে সোনামুড়া থানাধীন এন সি নগর, ইউ এন সি নগর ও ঘাত্রাপুর থানা এলাকার মাছিমার আন্তর্জাতিক সীমান্ত লাগুয়া তেতুইয়ামুড়ার কয়েকজনের বাড়িতে তল্লাশি অভিযান চালানো হয়। মাছিমা এলাকার বাসিন্দা এক ব্যক্তিকে জিজেসাবাদের পর আগামী ২১ নভেম্বর তারিখ আহমেদাবাদের এন আই এ কার্যালয়ে তাঁকে উপস্থিত হবার জন্য এন আই এ নোটিশ দিয়ে গেছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। এই অভিযানগুলিতে স্থানীয় পুলিশ ও বি এস এফ / এন আই এ-কে সহযোগিতা করেছে।

এন আই এ-র এক বিবৃতিতে জানা গিয়েছে, আল-কায়েদার কার্যক্রমকে সমর্থন, সহায়তা করা ও আর্থিক সাহায্য জোগানোর অভিযোগে সন্দেহভাজন ব্যক্তিদের খেঁজে জম্বু ও কাশ্মীর, কর্ণাটক, পশ্চিমবঙ্গ, বিহার, ত্রিপুরা এবং আসামের নয়টি স্থানে গতকাল ভোর থেকে তল্লাশি অভিযান চালানো হয়। এই অভিযানে, উদ্বার হয়েছে আপত্তিকর বিভিন্ন নথি। বেশ কিছু স্থান থেকে আপত্তিকর কাগজপত্র, ব্যাংকিং লেনদেনেই নথি, মোবাইল ফোন সহ ডিজিটাল ডিভাইস এবং সন্ত্রাসী অর্থায়ন সম্পর্কিত অন্যান্য প্রমাণপত্রও হাতে পেয়েছে এন আই এ। এগুলো বাজেয়াপ্ত করা হয়েছে।

ADC-Sports School :

এডিসি'র উদ্যোগে গোমতী জ্যোনালের অন্তর্গত কিলায় স্পোর্টস স্কুল গড়ে তোলা হবে। এর জন্য ব্যয় হবে ৯ কোটি টাকা। এডিসি'র মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া আজ স্পোর্টস স্কুলের জন্য প্রস্তাবিত জমি পরিদর্শন করেন।

Workshop :

ভারত সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্প "জাতীয় শিক্ষানবিশ পদোন্নতি প্রকল্প" বা N.A.P.S বিষয়ে এক কর্মশালা আজ কৈলাশহরের I.T.I কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। আয়োজনে ছিল, শিল্প ও বাণিজ্য দপ্তর। আজকের এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দশ। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, দক্ষতার বিকাশ সাধিত হলে শিল্পক্ষেত্রে সহ নানাক্ষেত্রেই সফলতা আসে। জাতীয় শিক্ষানবিশ পদোন্নতি প্রকল্পের লক্ষ্য হচ্ছে, দক্ষতার মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি করা, দক্ষতার বিকাশকে উৎসাহিত করা। কর্মশালায় বক্তব্য রাখেন, উনকোটি জেলার জেলা শাসক দিলীপ

কুমার চাকমা, দক্ষতা বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা দেবাশিস
বর্মন প্রমুখ। I.T.I সহ বিভিন্ন মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা
আজকের কর্মসূচিতে অংশ নেন।

G B Hospital :

চলতি বছরের জুলাই মাসের পর আবারো গতকাল জিবি
হাসপাতালে দ্বিতীয় কিউনি প্রতিস্থাপনের কাজ সুষ্ঠুভাবে সম্পূর্ণ
হয়েছে। আজ আগরতলা সরকারি মেডিকেল কলেজে আয়োজিত
সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন জিবি হাসপাতালের সুপার
ডঃ শঙ্কর চক্রবর্তী। তিনি বলেন কিউনি দাতা ও গ্রহীতা দুজনেই
সুস্থ রয়েছেন। মনিপুরের সূজা হাসপাতালের ও রাজ্যের
চিকিৎসকরা মিলিতভাবে কিউনি প্রতিস্থাপনের কাজটি করেছেন।

Police Administration Joint Raid :

আগরতলা শহরকে যানজটমুক্ত করতে উদ্যোগ নিয়েছে প্রশাসন।
এই লক্ষ্যে আজ থেকেই শহরের ফুটপাত দখলমুক্ত করতে
বেআইনি হকারদের উচ্চেদ অভিযান শুরু করেছে। এই কাজে
আগরতলা পুর নিগম কর্তৃপক্ষকে সহায়তা করছে মহকুমা
প্রশাসন ও পুলিশ। আজ পোস্ট অফিস চৌমুহনী থেকে
মহারাজগঞ্জ বাজার পর্যন্ত অভিযান করা হয়েছে। রাস্তার পাশে
বেআইনিভাবে গাড়ি ও বাইক পার্ক করায় বেশ কয়েকজনকে
জরিমানা করা হয়েছে।

Deputation :

ত্রিপুরা মহিলা সংগ্রাম পরিষদের পশ্চিম ত্রিপুরা জেলা কমিটির
পক্ষ থেকে ৮ দফা দাবিতে আজ পশ্চিম জেলার জেলা শাসকের
কাছে ডেপুটেশন প্রদান করা হয়। সংগঠনের রাজ্য সম্পাদিকা
রিজিয়া খাতুন জানান, দাবিগুলির মধ্যে রয়েছে রাজ্যকে নেশা

মুক্ত করতে সরকারের কঠোর পদক্ষেপ গ্রহণ করা, প্রতিটি পাড়ায় নেশা বানিজ্য রুখতে ভিজিল্যান্স কমিটি গঠন, সমস্ত স্তরের শ্রমজীবিদের খণ মুকুব, এসসি-এসটি-ওবিসি ও সংখ্যালঘু নিগম থেকে নেওয়া শিক্ষা খণ সহ বিভিন্ন ধরনের খণ মুকুব, বিনামূল্যে চিকিৎসা পরিষেবা ইত্যাদি।

Ranji Trophy :

ত্রিপুরা ও জম্বু-কাশ্মীরের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আগামীকাল থেকে শুরু হচ্ছে। জম্বুতে এই ম্যাচটি হবে। রাজ্যদল আজ বেশ কিছুটা সময় অনুশীলন করে।

University Football :

পূর্বাঞ্চলের আন্ত: বিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতার ছেলেদের আসর থেকে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় বিদায় নিয়েছে। নাগাল্যান্ডে অনুষ্ঠিত আসরে আজ দ্বিতীয় খেলায় ডিব্রুগড় বিশ্ববিদ্যালয় ৩-১ গোলে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে। ফলে আসর থেকে বিদায় নিশ্চিত হয়।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কুয়াশা পড়বে। সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস।
